


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd



স্মারক নং- ৪৬.০৪৫.০২২.১০.৩৬.০৩৬.২০১৬-১০৬

তারিখঃ ০২/০৫/২০১৭

বিষয়ঃ উপজেলা পরিষদসমূহের ই-জিপিতে নিবন্ধন ও নিবন্ধন পরবর্তী কার্যক্রম গ্রহণের তথ্যাদি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগে ২৮ নভেম্বর, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সচিব-সভায় গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী এ বিভাগের আওতাধিন ৪৯০টি উপজেলা পরিষদে ই-জিপিতে নিবন্ধনের লক্ষ্যে সিপিটিইউ এর নির্ধারিত ফরমপূরণ করে সিপিটিইউতে প্রেরণ করা হয়েছে। উক্ত ৪৯০টি উপজেলা পরিষদের মধ্যে প্রকৃত পক্ষে এ যাবত কতটি উপজেলা পরিষদ ই-জিপিতে নিবন্ধিত হয়েছে, নিবন্ধিত কতটি উপজেলা পরিষদের চেয়ারম্যান ও কর্মকর্তা-কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এ সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি জানা প্রয়োজন।

উল্লেখ্য যে, গত ২৬/০৪/২০১৭ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় ই-জিপিতে নিবন্ধনের বিষয়ে হালনাগাদ তথ্যাদি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহিত হয়। এ ছাড়া ০৭/০৩/২০১৭ তারিখে অনুষ্ঠিত সচিব সভায়ও ই-জিপিতে নিবন্ধন ও কার্যক্রম গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

এমতাবস্থায়, স্থানীয় সরকার বিভাগের আওতাধিন ৪৯০টি উপজেলা পরিষদে মধ্যে এ যাবত কতটি উপজেলা পরিষদ ই-জিপিতে নিবন্ধিত হয়েছে এর তালিকা এবং নিবন্ধিত কতটি উপজেলা পরিষদের চেয়ারম্যান ও সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণকে ই-জিপি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে তার সর্বশেষ তথ্যাদি জরুরীভিত্তিতে স্থানীয় সরকার বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

J. Man
০২/০৫/২০১৭
(ড. জুলিয়া মঙ্গল)

উপ-সচিব

ফোনঃ ৯৫৭৭২৩০

e-mail: lgd.upazila2@gmail.com

মহাপরিচালক

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)

আইএমইডি, সিপিটিইউ ভবন

শেরে বাংলা নগর, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-

১. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

২. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)